অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/5/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

'রিস্টোর মাদার ন্যাচার' পরিবেশগত আইনী চুক্তি প্রয়োগের উদ্দেশ্যে গভর্নর কুউমো ক্যাপিটাল রিজিয়ন আঞ্চলিক গোলটেবিল বৈঠকের ঘোষণা দিয়েছেন

জাতি-নেতৃস্থানীয় বন্যা প্রশমন এবং বাসস্থান পুনরুদ্ধার উদ্যোগের অংশ হিসেবে ঐতিহাসিক 33 বিলিয়ন মার্কিন ডলার, জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার পাঁচ বছরের অঙ্গীকার

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো একটি ধারাবাহিক গোলটেবিল বৈঠকের চতুর্থ আসর ঘোষণা করেছেন যেখানে নিউ ইয়র্ক স্টেট সংস্থাসমূহ (New York State agencies) আজ ক্যাপিটাল রিজিয়নে প্রস্তাবিত 3 বিলিয়ন মার্কিন ডলারের "রিস্টোর মাদার ন্যাচার (Restore Mother Nature)" পরিবেশগত আইনী চুক্তির ভবিষ্যত বাস্তবায়নে সহায়তা করার জন্য স্থানীয় অংশীদারদের সাথে বৈঠক করবে। এই গোলটেবিল আলোচনাটি পিবলস আইল্যান্ড স্টেট পার্কে অনুষ্ঠিত হয়েছিল এবং ভবিষ্যতের প্রকল্পগুলির স্থানীয় অগ্রাধিকারের সাথে সামঞ্জস্য করার জন্য অংশীদার এবং পৌরসভাগুলিকে নিযুক্ত করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেট জুড়ে আরও গোলটেবিলের অনুসূচী হচ্ছে।

"নিউ ইয়র্কবাসীরা ইতিমধ্যে জলবায়ু পরিবর্তনের বিধ্বংসী প্রভাবসমূহের অভিজ্ঞতা অর্জন করেছে - ঐতিহাসিক বন্যা থেকে শুরু করে তীব্র আবহাওয়া পর্যন্ত, স্টেটের প্রতিটি কোণ প্রভাবিত হয়েছে এবং বেশি দেরী হয়ে যাওয়ার আগেই আমাদের কাজ করতে হবে," **গভর্নর কুওমো বলেন।** "আমরা জাতির মধ্যে সবচেয়ে উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু পরিবর্তন কর্মসূচী চালু করেছি এবং এই প্রচেষ্টার একটি গুরুত্বপূর্ণ অংশ হল আমাদের পরিবেশগত আইনী চুক্তি, যা ক্ষতিগ্রস্থ আবাসস্থল পুনরুদ্ধার করবে এবং আমাদের সম্প্রদায়ের সুরক্ষার জন্য প্রকৃতি-ভিত্তিক প্রকল্পগুলো ব্যবহার করবে।"

গভর্নর কুউমোর 2020 সালের স্টেট অফ দ্যা স্টেট বক্তব্যে প্রকাশিত, "মা প্রকৃতি পুনরুদ্ধার" পরিবেশগত অঙ্গীকার আইন, ভবিষ্যৎ প্রজন্মের জন্য আমাদের জলজ সম্পদ ও মাছ এবং বন্যপ্রাণী বাসস্থান রক্ষার উদ্দেশ্যে একাধিক গুরুত্বপূর্ণ প্রকল্পের রূপরেখা দেয়। এই নতুন উদ্যোগের মাধ্যমে অর্থায়ন হতে পারে এমন ধরণের প্রকল্পগুলোর উদাহরণের মধ্যে রয়েছে:

- বিনোদনমূলক সুযোগ দিতে জমি অধিগ্রহণ, কমিউনিটিগুলোকে বন্যা থেকে রক্ষা করা, পানীয় জলের উৎসের সুরক্ষা।

- দূষিত এবং পরিপোষক পদার্থ বিশোধনে "প্রকৃতিকে কাজে লাগাতে" স্বাদু পানি এবং জোয়ার ভাটা সক্রিয় থাকে এমন জলাভূমি পুনরুদ্ধার।
- জলাশয়কে পরিপোষক পদার্থের ক্ষয় হওয়া ও অধঃক্ষেপণ এবং ক্ষতিকর জলজ উদ্ভিদে ছেয়ে যাওয়া (HABs) থেকে রক্ষা করতে রিপারিয়ান বাফার।
- নিউ ইয়র্ককে বিনোদনমূলক মাছ ধরার শীর্ষ স্টেট হিসেবে উন্নীত করতে মৎস্য হ্যাচারিতে বিনিয়োগ এবং জনগণের প্রবেশাধিকার রয়েছে এমন স্থানগুলোর উন্নতি।
- সম্পত্তির স্বতঃপ্রবৃত্ত ক্রয়, কালভার্ট ও সেতুরু উপযুক্ত আকার প্রদান, অচল ও বিপজ্জনক বাঁধ অপসারণ, এবং পরিবেশবান্ধব অবকাঠামো প্রকল্প সহ স্থিতিস্থাপকতা জোরদারের ব্যবস্থা।

গোলটেবিল চলাকালে, পরিবেশ সংরক্ষণ দপ্তর (Department of Environmental Conservation), পার্ক, বিনোদন এবং ঐতিহাসিক সংরক্ষণ কার্যালয় (Office of Parks, Recreation, and Historic Preservation), কৃষি ও বাজার দপ্তর (Department of Agriculture and Markets), স্টেট ডিপার্টমেন্ট (Department of State), নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুৎ গবেষণা এবং উন্নয়ন কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority) এবং অন্যান্যরা সহ নিউইয়র্ক স্টেট এজেন্সিগুলো কমিউনিটি এবং অংশীদারদেরকে বন্যার ঝুঁকি হ্রাস করে এবং বাসস্থান পুনরুদ্ধারকে ত্বরান্বিত করে এমন সম্ভাব্য প্রকল্পগুলো শনাক্ত করতে একটি স্বচ্ছ প্রক্রিয়াতে জড়িত করবে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের কমিশনার, বেসিল সেগোস বলেন, "গত বছরের রিস্টোর মাদার নেচার প্রোগ্রাম তৈরির মাধ্যমে স্টেটের রেকর্ড পানির গুণমান এবং বাসস্থান বিনিয়োগে গভর্নর কুয়েমো কাজ করছেন এবং যা আমাদের প্রাকৃতিক সম্পদের উন্নতি করছে এবং আমাদের কমিউনিটিকে শক্তিশালী করে গড়ে তুলছে। প্রস্তাবিত এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট নিউ ইয়র্কের প্রতিটি এলাকায় জীববৈচিত্র্য বৃদ্ধি, আমাদের মৎস্য ও বন্যপ্রাণীর স্বাস্থ্য উন্নত, পানির গুণমান উন্নত, দূষণ প্রতিরোধে উল্লেখযোগ্য প্রাকৃতিক বাফার সংরক্ষণ এবং বাস্তুতন্ত্র ও অর্থনীতির অন্যান্য অগণিত সুবিধা তৈরি করতে চায়।"

পার্কস এর কমিশনার এরিক কুলেসেইড বলেন, "গভর্নর অ্যান্ড্রু কুউমো মানবসৃষ্ট জলবায়ু পরিবর্তনের বাস্তবতাকে সমর্থন করা গুরুত্বপূর্ণ বিজ্ঞানসম্মত ঐকমত্যেকে স্বীকার করেন। তাঁর মা প্রকৃতি পুনরুদ্ধার অঙ্গীকার আইন পুরো স্টেট জুড়ে এই স্বীকৃতিকে দৃঢ় পদক্ষেপে পরিণত করবে, যা আমাদের নাগরিক, আমাদের পার্ক সুবিধা এবং আমাদের প্রাকৃতিক সম্পদকে সবচেয়ে ধ্বংসাত্মক দিক থেকে রক্ষা করবে।"

সুপারস্টর্ম স্যান্ডি, হারিকেন আইরিন এবং ট্রপিক্যাল স্টর্ম লি এর মত সাম্প্রতিক ঝড়গুলো জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগপূর্ণ আবহাওয়ার প্রভাবের প্রতিকূলে কমিউনিটিগুলোর স্থিতিস্থাপকতার প্রতি সমর্থন এবং উৎসাহ প্রদান জোরদার করার প্রয়োজনীয়তার সুস্পষ্ট প্রমাণ প্রদান করেছে। 2011 সাল থেকে, নিউ ইয়র্কের প্রতিটি কাউন্টি অন্তত দুইটি আবহাওয়া সংক্রান্ত দুর্যোগ ঘোষণার অভিজ্ঞতারএবং অর্ধেকের বেশি কাউন্টি পাঁচ বা তার চেয়ে বেশি সংখ্যক বার বিপর্যয়ের সম্মুখীন

হয়েছে। ফেডারেল এবং স্টেট সরকার এই বিপর্যয়গুলোর প্রতিক্রিয়া হিসাবে 26 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ব্যয় করেছে এবং বিজ্ঞানীরা অনুমান করছেন যে পরের দশকে নিউ ইয়র্কে বন্যার ফলে 50 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি ক্ষতি হবে। পরিবেশ পুনরুদ্ধারে বিনিয়োগ নিউ ইয়র্কের অব্যাহত অর্থনৈতিক সাফল্যের জন্য অপরিহার্য। স্টেটের প্লাবনভূমি এবং বনাঞ্চলসমূহ হচ্ছে অপরিহার্য প্রাকৃতিক প্রতিবন্ধকতা, যা প্রথম প্রতিরক্ষা রেখা প্রদান করে কমিউনিটিগুলোর উপর থাকা বর্ধিত বন্যা এবং আরো তীব্র ঝড়ের ঝুঁকি হ্রাস করে এবং সেই সাথে মাছ ও বন্যপ্রাণীর প্রজাতি টিকিয়ে রাখার জন্য প্রয়োজনীয় অত্যাবশ্যক বাসস্থানের যোগান দেয়।

নিউ ইয়র্কের সর্বশেষ এনভায়রনমেন্টাল বন্ড অ্যাক্ট (পরিবেশগত চুক্তি আইন) প্রায় এক প্রজন্ম পূর্বে 1996 সালে পাস হয়েছিল। এই পদক্ষেপ বর্তমান এবং ভবিষ্যত প্রজন্মের জন্য স্টেটের পানি সম্পদ ও মাছ এবং বন্যপ্রাণীর আবাসস্থল রক্ষায় গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোর জন্য নিরাপদ অর্থায়নে সহায়তা করবে।

অধিকন্তু, গভর্নর কুওমো পর পর চতুর্থ বছরে পরিবেশ সংরক্ষণ তহবিলে রেকর্ড পরিমাণ সর্বোচ্চ 300 মিলিয়ন মার্কিন ডলার বজার রাখার প্রস্তাব দিয়েছেন। এতে রয়েছে কঠিন বর্জ্য কর্মসূচিতে 38 মিলিয়ন মার্কিন ডলার, পার্ক ও বিনোদনে 89 মিলিয়ন মার্কিন ডলার, খোলা স্থানের কর্মসূচিতে 152 মিলিয়ন মার্কিন ডলার এবং জলবায়ু পরিবর্তন প্রশমন ও অভিযোজন কর্মসূচিতে 20 মিলিয়ন মার্কিন ডলার। তিনি পরিচ্ছন্ন পানির পরিকাঠামোর জন্য অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব দিয়েছেন, যা নিউ ইয়র্কের সকল বসবাসকারীকে বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করতে স্টেটের অভূতপূর্ব 3.5 বিলিয়ন মার্কিন ডলার প্রদানের প্রতিশ্রুতির একটি অংশ।

অ্যালবেনির কাউন্টি এক্সিকিউটিভ ড্যানিয়েল পি. ম্যাককয় বলেন, "জলবায়ু পরিবর্তন নিউ ইয়র্কের জন্য একটি সুবিন্যস্ত হুমকি হিসেবে প্রতীয়মান এবং গভর্নর কুওমোর প্রস্তাবিত মাদার ন্যাচার পরিবেশগত আইনী চুক্তি একটি প্রতিক্রিয়া এই সকল আসন্ন অমঙ্গলের লক্ষণের প্রতি, প্রচণ্ড ঝড়ের চাপের মুখোমুখি হওয়া অচল বাঁধগুলো থেকে শুরু করে আমাদের উপকূল সংলগ্ন জলাভূমিগুলোর পুনরুদ্ধার প্রকল্পগুলো যা ঝড়ের তান্ডবে প্রাকৃতিক বাফার হিসাবে কাজ করে। এই কর্মের জন্য পরিকল্পনা নিউ ইয়র্কবাসীদের আসন্ন বছরগুলোতে বিভিন্ন উপায়ে উপকার করবে যেহেতু চরম আবহাওয়া আরও প্রচলিত এবং তীব্র হয়ে উঠবে।"

কোহোসের মেয়র উইলিয়াম কিলার বলেছেন, "রিস্টোর মাদার নেচার আইনী চুক্তিটি জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান হুমকির বিরুদ্ধে লড়াই করতে, টেকসই কৃষির উন্নতি সাধনে এবং আমাদের স্থানীয় অর্থনীতির সুরক্ষার জন্য গুরুত্বপূর্ণ। আমি নিউ ইয়র্ক স্টেট এবং বৃহত্তর ক্যাপিটাল রিজিওনের পরিবেশ পুনরুদ্ধার ও উন্নত করার জন্য গভর্নর কুওমোর প্রস্তাবগুলোর প্রশংসা করি।"

ট্রয় মেয়র প্যাট্রিক ম্যাডেন বলেছেন, "গভর্নর কুওমোর রিস্টোর মাদার নেচার আইনী চুক্তিটি ক্যাপিটাল রিজিওন এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে প্রাকৃতিক সম্পদ রক্ষার জন্য একটি ঐতিহাসিক প্রতিশ্রুতি প্রদর্শন করে। জনসাধারণের জমি ও জলের পুনরুদ্ধার, সংরক্ষণ ও সুরক্ষার মাধ্যমে এটি

জলবায়ু পরিবর্তনের হুমকির বিরুদ্ধে লড়াই অব্যাহত রেখে স্থানীয় সম্প্রদায়ের জন্য তাৎক্ষণিক উপকার জোগাবে এবং আগত প্রজন্মের জন্য একটি নিরাপদ, স্বাস্থ্যকর ভবিষ্যত গঠন করবে।"

স্কেনেকটেডির মেয়র গ্যারি ম্যাকার্থি বলেন, "গভর্নর কুউমোর নেতৃত্বের জন্য ধন্যবাদ, এই পরিবেশগত আইনী চুক্তিটি নিউ ইয়র্ক স্টেটের জন্য একটি পরিবর্তিত সুযোগের প্রতিনিধিত্ব করে। জলবায়ু পরিবর্তন নিরসন ও পরিবেশ পুনরুদ্ধারে বিনিয়োগের পদক্ষেপ গ্রহণের মাধ্যমে আমরা আমাদের জমি ও জলের সুরক্ষা দিতে পারি ভবিষ্যত প্রজন্মের উপভোগ এবং অন্বেষণের জন্য।"

আলবানি মেয়র ক্যাথি শিহান বলেন, "রিস্টোর মাদার নেচার পরিবেশগত আইনী চুক্তি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ জলবায়ু পরিবর্তন মোকাবেলায় – যা নিউ ইয়র্ক স্টেটব্যাপী পৌরসভাগুলির জন্য একটি ক্রমবর্ধমান হুমকি। গভর্নর কুউমোকে আমাদের বাসিন্দা এবং আমাদের প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত করতে তাঁর প্রচেষ্টার জন্য ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন